দৈনিক আজাদী

স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র

প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

রোববার | ৭ জুলাই ২০২৪ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬৪তম বর্ষ ২৯০ সংখ্যা | ২৩ আষাঢ় ১৪৩১ সাল | ৩০ জিলহজ ১৪৪৫ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা



কনফিডেন্সসিমেন্ট
A গ্রেড ক্লিংকার
☎01755550035-36

রয়েল সিমেন্ট




*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসবের সমাপনীতে উপাচার্য ড. অনুপম সেন ও অন্যরা*

# প্রিমিয়ার ভার্সিটিতে পিইউডিএস বিতর্ক উৎসবের সমাপনী

## মনের তর্কই আত্মশুদ্ধির পথ : অনুপম সেন

প্রিমিয়ার ইউনিভার্সিটির ডিবেটিং সোসাইটির (পিইউডিএস) উদ্যোগে একাদশ পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব অনুষ্ঠিত হয়েছে। এই উৎসবে আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় ৩২টি বিশ্ববিদ্যালয়, আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতায় ২৪টি কলেজ ও আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতায় ৩২টি স্কুল অংশগ্রহণ করে। 'খেলার মাঠেই জাগরিত হোক জীবনবোধ, নিঃশ্বাসের ভেতর আসুক উৎসবের বিশ্বাস' এই প্রতিপাদ্যকে সামনে নিয়ে গতকাল শনিবার দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে বিতর্ক উৎসবের চূড়ান্ত পর্ব এবং পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়। চূড়ান্ত পর্বে আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় চ্যাম্পিয়ন এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় রানার আপ হয়। আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতায় হাজী মুহাম্মদ মহসিন কলেজ চ্যাম্পিয়ন এবং প্রেসিডেন্সী ইন্টারন্যাশনাল স্কুল রানার আপ হয়। আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতায় বাংলাদেশ মহিলা সমিতি বালিকা উচ্চ বিদ্যালয় চ্যাম্পিয়ন এবং সরকারি মুসলিম হাই স্কুল রানার আপ হয়। পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা। পিইউডিএসর চিফ মডারেটর জুলিয়া পারভিনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি বলেন, বিতর্কের সূচনা হয় প্রাচীন গ্রীসে। সক্রেটিস, প্লেটো, এরিস্টটল যুক্তির মাধ্যমে সত্যের অনুসন্ধান করেছিলেন। প্লেটোর গ্রন্থে দেখা যায়, তর্কের মাধ্যমে তিনি বিভিন্ন বিষয় প্রতিষ্ঠা করছেন। তিনি আরো বলেন, আজকের বিশ্ব বিজ্ঞানের বিশ্ব। ড. সেন বলেন, ব্যক্তিকে এগিয়ে যেতে হলেও যুক্তির প্রয়োজন। আমরা কোনটা সত্য মনের মধ্যে তা বিচার করি যুক্তির মাধ্যমে। কোনটি ভালো, কোন্‌টি খারাপ তাও বিচার করি যুক্তির মাধ্যমে। মনের তর্কই আত্মশুদ্ধির পথ।

মডারেটর সাইফুদ্দিন মুন্নার সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পিইউডিএসর সভাপতি সাকিব হোসাইন। উপস্থিত ছিলেন ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী প্রফেসর এম. মঈনুল হক, মডারেটর সঞ্জয় বিশ্বাস ও নিলুফার সুলতানা, হিল্লোল সাহা, মিনহাজ হোসেন, ফারিয়া হোসেন বর্ষা, সাবের শাহ, রাইহান শাকিল, আত্তিহারুল কবির তিহার, মেহেদী রহমান নিকাশ, আমির আবদুল্লাহ ও তন্ময় বড়ুয়া। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 07 July 2024, Page: 3, Col: 6
https://edainikazadi.net/index.php?page=1&date=2024-07-7

চট্টগ্রাম রবিবার ৭ জুলাই ২০২৪

# দৈনিক পূর্বকোণ

মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯ ।। ৩৯তম বর্ষ ১৩৪তম সংখ্যা ।। ২৩ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ ।। ৩০ জিলহজ্ব ১৪৪৫ হিজরি ।। Sunday 7 July 2024 ।। ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone



[illegible]

জাতীয় বিতর্ক উৎসবের সমাপনীতে অনুপম সেন

## মনের তর্কই আত্মশুদ্ধির পথ

[illegible]

Ref: Daily Purbokone, Date: 07 July 2024, Page: 3, Col: 7
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2024-07-7

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

রবিবার
চট্টগ্রাম
৭ জুলাই ২০২৪
২৩ আষাঢ় ১৪৩১
৩০ জিলহজ ১৪৪৫
বর্ষ-১২, সংখ্যা-১৯৩

www.dailypurbodesh.com | প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ | ৮ পৃষ্ঠা | ৭ টাকা

মনের তর্কই আত্মশুদ্ধির পথ: ড. অনুপম সেন ৩
কুমিরের সাত ছানা এবং উপেক্ষিত স্বাস্থ্যখাত ৪
বাইডেনকে ট্রাম্পের বিদ্রুপ, নির্বাচনি লড়াইয়ে থাকার 'আহ্বান' ৬
সুষ্ঠু চিকিৎসা নিশ্চিতে মাঠে নেমেছি : স্বাস্থ্যমন্ত্রী ৮

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বিতর্ক উৎসবের সমাপনী

# মনের তর্কই আত্মশুদ্ধির পথ: ড. অনুপম সেন

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (পিইউডিএস)-এর উদ্যোগে একাদশ পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব অনুষ্ঠিত হয়েছে। এই উৎসবে আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় ৩২টি বিশ্ববিদ্যালয়, আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতায় ২৪টি কলেজ ও আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতায় ৩২টি স্কুল অংশগ্রহণ করে। 'খেলার মাঠেই জাগরিত হোক জীবনবোধ, নিঃশ্বাসের ভেতর আসুক উৎসবের বিশ্বাস' এই প্রতিপাদ্যকে সামনে নিয়ে ৬ জুলাই সকাল থেকে দিনব্যাপী প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে বিতর্ক উৎসবের চূড়ান্ত পর্ব এবং পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। চূড়ান্ত পর্বে আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় চ্যাম্পিয়ন এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় রানার আপ হয়। আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতায় হাজী মুহাম্মদ মহসিন কলেজ চ্যাম্পিয়ন এবং প্রেসিডেন্সী ইন্টারন্যাশনাল স্কুল রানার আপ হয়। আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতায় বাংলাদেশ মহিলা সমিতি বালিকা উচ্চ বিদ্যালয় চ্যাম্পিয়ন এবং সরকারি মুসলিম হাই স্কুল রানার আপ হয়। পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা। পিইউডিএস-এর চিফ মডারেটর জুলিয়া পারভিনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন বলেন, বিতর্কের সূচনা হয় প্রাচীন গ্রীসে। সক্রেটিস, প্লেটো, এরিস্টটল যুক্তির মাধ্যমে সত্যের অনুসন্ধান করেছিলেন। প্লেটোর গ্রন্থে দেখা যায়, তর্কের মাধ্যমে তিনি বিভিন্ন বিষয় প্রতিষ্ঠা করছেন। এরিস্টটলের 'পলিটিক্স' গ্রন্থেও রয়েছে তর্ক ও যুক্তি। তিনি আরও বলেন, আজকের বিশ্ব বিজ্ঞানের বিশ্ব। কোপার্নিকাস ও গ্যালিলিওর সময় থেকে এই বৈজ্ঞানিক বিশ্বের সূচনা ঘটেছে। তাঁরা তাঁদের সময়ে অনেক বৈজ্ঞানিক আবিষ্কার করেন, যেগুলোর ভিত্তি ছিল যুক্তি। ড. সেন উল্লেখ করেন, সত্যে উপনীত হওয়ার জন্য নানা পন্থ আছে। প্রত্যেক পন্থে যুক্তিকে অবলম্বন করতে হবে। এনলাইটেনমেন্ট দার্শনিকরা যুক্তির মাধ্যমে ঘুণেধরা সমাজকে ভেঙে নতুন সমাজ প্রতিষ্ঠিত করেছিলেন। এই নতুন সমাজ সারা ইউরোপজুড়ে প্রতিষ্ঠার ফলেই অষ্টাদশ শতক থেকে ইউরোপ সারা বিশ্বকে তাদের অধীনে নিয়ে আসে। আজও তারা বিশ্বকে নিয়ন্ত্রণ করছে বলা চলে। অবশ্য এখন দক্ষিণের বিশ্ব যুক্তিকে ভর করে, বিজ্ঞানকে ভর করে মাথা তুলে দাঁড়াচ্ছে, পাশ্চাত্যের প্রতিদ্বন্দ্বি হয়ে উঠছে। ড. সেন বলেন, ব্যক্তিকে এগিয়ে যেতে হলেও যুক্তির প্রয়োজন। আমরা কোন্‌টা সত্য মনের মধ্যে তা বিচার করি যুক্তির মাধ্যমে। কোন্‌টি ভালো, কোন্‌টি খারাপ তাও বিচার করি যুক্তির মাধ্যমে। মনের তর্কই আত্মশুদ্ধির পথ।

মডারেটর সাইফুদ্দিন মুন্নার সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পিইউডিএস-এর সভাপতি সাকিব হোসাইন। মঞ্চে উপস্থিত ছিলেন ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর এম. মঈনুল হক, মডারেটর সঞ্জয় বিশ্বাস ও নিলুফার সুলতানা। এছাড়া আরও উপস্থিত ছিলেন মডারেটর হিল্লোল সাহা, মিনহাজ হোসেন, ফারিয়া হোসেন বর্ষা, পিইউডিএস-এর সাবেক সভাপতি সাবের শাহ, সাবেক সাধারণ সম্পাদক রাইহান শাকিল, সাবেক সাধারণ সম্পাদক আত্তিহারুল কবির তিহার, সাবেক সাধারণ সম্পাদক মেহেদী রহমান নিকাশ, সহ-সভাপতি আমির আবদুল্লাহ ও সাধারণ সম্পাদক তন্ময় বড়ুয়া।



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে একাদশ পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসবের সমাপনীতে উপাচার্য ড. অনুপম সেন ও অন্যরা

Ref: Daily Purbodesh, Date: 07 July 2024, Page: 3, Col: 1
https://epurbodesh.com/index.php?page=1&date=2024-07-7

চট্টগ্রাম • রোববার • ৭ জুলাই ২০২৪ • ২৩ আষাঢ় ১৪৩১ • ৩০ জিলহজ ১৪৪৫ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ২০ সংখ্যা ৩০৭

প্রতিটি সকাল হোক সুপ্রভাত

সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ সুতা আমদানি বেড়েছে ১৩ শতাংশ

৪ মনের তর্কই আত্মশুদ্ধির পথ : ড. অনুপম সেন

৬ জার্মানিকে দর্শক বানিয়ে সেমিফাইনালে স্পেন



জাতিসংঘ পার্ক : সবুজ উদ্যান হিসেবে থাকুক

প্রকৃত অর্থে এই শহরে কোনো পার্ক নেই। খোলা উদ্যান নেই যেখানে বুক ভরে শ্বাস নেওয়া যায়। ডিসি হিল রাত আটটার পরে বন্ধ করে দেওয়া হয়। সিআরবি এখন লোকারণ্য।

বিস্তারিত ▶ পৃষ্ঠা : ২



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে একাদশ পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসবের সমাপনীতে উপাচার্য ড. অনুপম সেন ও অন্যরা

# মনের তর্কই আত্মশুদ্ধির পথ : ড. অনুপম সেন

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (পিইউডিএস)-এর উদ্যোগে একাদশ পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব অনুষ্ঠিত হয়েছে।

এই উৎসবে আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় ৩২টি বিশ্ববিদ্যালয়, আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতায় ২৪টি কলেজ ও আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতায় ৩২টি স্কুল অংশগ্রহণ করে। 'খেলার মাঠেই জাগরিত হোক জীবনবোধ, নিঃশ্বাসের ভেতর আসুক উৎসবের বিশ্বাস' এই প্রতিপাদ্যকে সামনে নিয়ে ০৬ জুলাই ২০২৪, শনিবার, সকাল থেকে দিনব্যাপী প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে বিতর্ক উৎসবের চূড়ান্ত পর্ব এবং পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

**প্রিমিয়ার ইউনিভার্সিটিতে একাদশ পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসবের সমাপনী**

চূড়ান্ত পর্বে আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় চ্যাম্পিয়ন এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় রানার আপ হয়। আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতায় হাজী মুহাম্মদ মহসিন কলেজ চ্যাম্পিয়ন এবং প্রেসিডেন্সী ইন্টারন্যাশনাল স্কুল রানার আপ হয়। আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতায় বাংলাদেশ মহিলা সমিতি বালিকা উচ্চ বিদ্যালয় চ্যাম্পিয়ন এবং সরকারি মুসলিম হাই স্কুল রানার আপ হয়। পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা। পিইউডিএস-এর চিফ মডারেটর জুলিয়া পারভিনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন বলেন, বিতর্কের সূচনা হয় প্রাচীন গ্রীসে। সক্রেটিস, প্লেটো, এরিস্টটল যুক্তির মাধ্যমে সত্যের অনুসন্ধান করেছিলেন। প্লেটোর গ্রন্থে দেখা যায়, তর্কের মাধ্যমে তিনি বিভিন্ন বিষয় প্রতিষ্ঠা করছেন। এরিস্টটলের 'পলিটিক্স' গ্রন্থেও রয়েছে তর্ক ও যুক্তি। তিনি আরও বলেন, আজকের বিশ্ব বিজ্ঞানের বিশ্ব। কোপার্নিকাস ও গ্যালিলিওর সময় থেকে এই বৈজ্ঞানিক বিশ্বের সূচনা ঘটেছে। তাঁরা তাঁদের সময়ে অনেক বৈজ্ঞানিক আবিষ্কার করেন, যেগুলোর ভিত্তি ছিল যুক্তি।

ড. সেন উল্লেখ করেন, সত্যে উপনীত হওয়ার জন্য নানা পন্থ আছে। প্রত্যেক পন্থে যুক্তিকে অবলম্বন করতে হবে। এনলাইটেনমেন্ট দার্শনিকরা যুক্তির মাধ্যমে ঘুণেধরা সমাজকে ভেঙে নতুন সমাজ প্রতিষ্ঠিত করেছিলেন। এই নতুন সমাজ সারা ইউরোপজুড়ে প্রতিষ্ঠার ফলেই অষ্টাদশ শতক থেকে ইউরোপ সারা বিশ্বকে তাদের অধীনে নিয়ে আসে। আজও তারা বিশ্বকে নিয়ন্ত্রণ করছে বলা চলে। অবশ্য এখন দক্ষিণের বিশ্ব যুক্তিকে ভর করে, বিজ্ঞানকে ভর করে মাথা তুলে দাঁড়াচ্ছে, পাশ্চাত্যের প্রতিদ্বন্দ্বি হয়ে উঠছে। ড. সেন বলেন, ব্যক্তিকে এগিয়ে যেতে হলেও যুক্তির প্রয়োজন। আমরা কোন্‌টা সত্য মনের মধ্যে তা বিচার করি যুক্তির মাধ্যমে। কোন্‌টি ভালো, কোন্‌টি খারাপ তাও বিচার করি যুক্তির মাধ্যমে। মনের তর্কই আত্মশুদ্ধির পথ।

মডারেটর সাইফুদ্দিন মুন্নার সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পিইউডিএস-এর সভাপতি সাকিব হোসাইন। মঞ্চে উপস্থিত ছিলেন ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর এম. মঈনুল হক, মডারেটর সঞ্জয় বিশ্বাস ও নিলুফার সুলতানা। এছাড়া আরও উপস্থিত ছিলেন মডারেটর হিল্লোল সাহা, মিনহাজ হোসেন, ফারিয়া হোসেন বর্ষা, পিইউডিএস-এর সাবেক সভাপতি সাবের শাহ, সাবেক সাধারণ সম্পাদক রাইহান শাকিল, সাবেক সাধারণ সম্পাদক আত্তিহারুল কবির তিহার, সাবেক সাধারণ সম্পাদক মেহেদী রহমান নিকাশ, সহ-সভাপতি আমির আবদুল্লাহ ও সাধারণ সম্পাদক তন্ময় বড়ুয়া। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 07 July 2024, Page: 4, Col: 6
https://esuprobhat.com/index.php?page=1&date=2024-07-7